

স্কুল-কলেজে সাপ্তাহিক পরিচ্ছন্নতা অভিযান বাধ্যতামূলক

অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য নতুন নির্দেশনা জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ। এতে ঈদুল ফিতরের চলমান ছুটি শেষে শিক্ষাপ্রতিষ্ঠান খোলার আগেই পরিচ্ছন্নতা নিশ্চিত করার পাশাপাশি সারা বছর এ কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য বলা হয়েছে।

বুধবার (২৫ মার্চ) প্রকাশিত এক প্রজ্ঞাপনে জানানো হয়, শহর ও গ্রাম-উভয় পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে পরিচ্ছন্নতা বজায় রাখতে দিকনির্দেশনা দিতে একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করা হয়েছে।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীকে আহ্বায়ক করে এই কমিটি গঠন করা হয়েছে।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, ঈদের ছুটি শেষে শিক্ষাপ্রতিষ্ঠান খোলার আগে অবশ্যই পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে। পাশাপাশি প্রতিদিন নিয়মিত পরিচ্ছন্নতা কার্যক্রম তদারকি জোরদার করতে সংশ্লিষ্টদের নির্দেশ দেওয়া হয়েছে।

এ ছাড়া প্রতি সপ্তাহে শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে। শিক্ষাপ্রতিষ্ঠানে বৃক্ষরোপণ কর্মসূচি গ্রহণ, বাগান পরিচর্যা নিশ্চিত করা এবং শিক্ষার্থীদের পরিচ্ছন্নতা বিষয়ে উদ্বুদ্ধ করতে বিশেষ কার্যক্রম চালানোর কথাও উল্লেখ করা হয়েছে।